

নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.১০৬.১৭. ১৮৮

তারিখ: ১৩-০৯-২০২১খ্রিঃ।

বিষয়: নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি মেসার্স ম্যাক্স ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস (আর.এল-১০৮৪)-এর আবেদনের প্রেক্ষিতে আবুধাবীছ ARPCO-AI Reef Project LLC কোম্পানীতে বিভিন্ন পদে ১৩৩ (একশত তেত্রিশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে প্রদান করা হলো:

কোম্পানীর নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	সর্বনিম্ন বেতন (মাসিক) দিরহাম	অন্যান্য সুবিধাদি
ARPCO-AI Reef Project LLC	Garden Worker	১২০ (একশত বিশ)	৮০০	আহার, বাসস্থান, যাতায়াত ও চিকিৎসা কোম্পানী বহন করবে; চুক্তি শেষে বিমান ভাড়া কোম্পানীর; কর্মঘন্টা-৮ ঘন্টা সপ্তাহে ৬ দিন; চুক্তির মেয়াদ-০২ বছর (নবায়নযোগ্য); চাকুরির অন্যান্য শর্তাবলী সংযুক্ত আরব আমিরাতের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Plumber	০৮ (আট)	১২০০	
	Sewage Pipelayer	০৫ (পাঁচ)	৮০০	

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে সংযুক্ত আরব আমিরাত যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরণ করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেস্টনিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষঙ্গিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সংযুক্ত আরব আমিরাত পৌঁছার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং দুবাইছ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতাপত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্রের সত্যতা/সঠিকতা যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় ১,০৭,০০০/- (এক লক্ষ সাত হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীর কোম্পানিতে অবশ্যই চাকুরী পারে এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সংযুক্ত আরব আমিরাতের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

- (ড) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- (ঢ) ১ জুলাই ২০১৭ হতে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেইজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।
- (ণ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস, আবুধাবী, সংযুক্ত আরব আমিরাত এবং বিএমইটিতে দাখিল করতে হবে।
- (ত) অনুমোদিত কর্মীগণ নির্ধারিত কর্মস্থলে যথাযথভাবে কর্মে নিয়োজিত হয়েছে কিনা তা কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, আবুধাবী, সংযুক্ত আরব আমিরাত -কে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন দিতে হবে।

(গাজী মো: শাহেদ আনোয়ার)
উপসচিব

ফোনঃ ৪১০৩০২৪৬

sasemployment3@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।

নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.১০৬.১৭. ১৫৫

তারিখ: ১৩-০৯-২০২১খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, আবুধাবী, সংযুক্ত আরব আমিরাত।
- ০৪। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। স্বত্বাধিকারী, মেসার্স ম্যাক্স ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস, এইচ-৮১ (২য় তলা), বীর উত্তম জিয়াউর রহমান সড়ক, বনানী, ঢাকা-১২১৩।
- ০৭। অফিস কপি।

(গাজী মো: শাহেদ আনোয়ার)
উপসচিব